

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২/০৭ এপ্রিল ২০২৬

নং ০৩.০৪.২৬৯০.০০০.০৮১.১৪.০০০৪.২৫-৩১—সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জীবনমান উন্নয়নের লক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির কার্যক্রম সূচাব্যুৎপে সম্পাদনের লক্ষে জেলা এবং উপজেলা পর্যায়ে বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

ক. জেলা পর্যায়ে বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি:

১. জেলা প্রশাসক	-সভাপতি
২. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা	-সদস্য
৩. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	-সদস্য
৪. জেলা শিক্ষা কর্মকর্তা	-সদস্য
৫. জেলা সমাজসেবা কর্মকর্তা	-সদস্য
৬. জেলা পরিসংখ্যান কর্মকর্তা	-সদস্য
৭. জেলা কালচারাল অফিসার	-সদস্য
৮. জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিনিধি ২ জন (পুরুষ-১ ও নারী-১)	-সদস্য
৯. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	-সদস্য-সচিব

ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

(১৬৯৩৫)

মূল্য : টাকা ৪.০০

কার্যপরিধি:

- ক) কর্মসূচি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক চাহিদা প্রস্তাবের ওপর সুপারিশ প্রদান;
- খ) বিদ্যমান নীতিমালা অনুযায়ী কর্মসূচির কার্যক্রম গ্রহণ, নিবিড় তদারকি ও বাস্তবায়ন এবং ব্যয়ের বিষয়ে উপজেলা পর্যায়ে বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটিকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- গ) স্থানীয় পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে জটিলতার উদ্ভব হলে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সহায়তা প্রদান;
- ঘ) কমিটি প্রয়োজনানুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে।

খ. উপজেলা পর্যায়ে বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি:

- | | |
|----------------------------------------------------------------------------------------------------|-------------|
| ১. উপজেলা নির্বাহী কর্মকর্তা | -সভাপতি |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা | -সদস্য |
| ৩. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | -সদস্য |
| ৪. সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল) | -সদস্য |
| ৫. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | -সদস্য |
| ৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| ৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| ৮. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | -সদস্য |
| ৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | -সদস্য |
| ১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | -সদস্য |
| ১১. উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত ক্ষুদ্র নৃগোষ্ঠীর
প্রতিনিধি ২ জন (পুরুষ-১ ও নারী-১) | -সদস্য |
| ১২. সহকারী কমিশনার (ভূমি) | -সদস্য-সচিব |

ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

কার্যপরিধি:

- ক) সংশ্লিষ্ট উপজেলা পর্যায়ে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর হালনাগাদ তথ্য (ডাটা বেইজ) সংরক্ষণ;
- খ) কর্মসূচির আওতায় প্রকল্প/কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে নিজ নিজ অধিক্ষেত্রে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের প্রকৃত চাহিদা নিরূপণ;
- গ) ক্ষুদ্র নৃগোষ্ঠীভুক্ত ব্যক্তিবর্গ/সংস্থার প্রতিনিধিবৃন্দের সাথে নিবিড় যোগাযোগ এবং সমন্বয়পূর্বক জীবনমান উন্নয়নে তাদের জন্য প্রয়োজনীয় প্রকল্প/কার্যক্রম নির্ধারণ;
- ঘ) কর্মসূচির আওতায় প্রকল্প/কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে এ কার্যালয় হতে প্রণীত নীতিমালা যথাযথভাবে অনুসরণ ও দিক নির্দেশনা প্রদান;
- ঙ) কর্মসূচি বাস্তবায়নে স্থানীয় পর্যায়ে প্রতিবন্ধকতা দেখা দিলে তা সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- চ) কমিটি প্রয়োজনানুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সায়মা আক্তার
পরিচালক-১৪।